বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৭৫.২১-৯৮৮ তারিখঃ ০৬ মে, ২০২৫

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচির আওতায় উপজেলা পর্যায়ে কর্মরত কর্মচারীদের আত্মসাৎ/হস্তমজুদকৃত অর্থ আদায়ের স্বার্থে সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত চাকুরীজীবি অভিভাবক/আত্মীয়/অনাত্মীয়-কে জামিনদার করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত চাকুরীজীবি অভিভাবক/আত্মীয়/অনাত্মীয় কর্মচারীর জামিনদার হিসেবে ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে কর্মসূচি'র বিপরীতে চুক্তি সম্পাদন করতে হবে (চুক্তির নমুনা সংযুক্ত)। সে লক্ষ্যে স্ব স্ব কর্মচারী নিজ উদ্যোগে বিআরডিবি'র উপপরিচালক/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে স্বাক্ষী রেখে ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে জামিনদারের স্বাক্ষর গ্রহনপূর্বক জামিনদারের ছবি, প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করে স্বাক্ষরিত জামিননামা আগামী ৩০ জুন, ২০২৫ তারিখের মধ্যে সদর দপ্তরে আবশ্যিকভাবে প্রেরন করবেন। নির্ধারিত সময়ের মধ্যে নির্দেশনা মোতাবেক জামিননামা প্রেরণে ব্যর্থ হলে অথবা ভূয়া জামিনদার প্রমানিত হলে সংশ্লিষ্ট কর্মচারীকে কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারন করা হবে। উল্লেখ্য, জামিনদার হিসেবে স্বাক্ষরকারী সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত চাকুরীজীবি অভিভাবক/আত্মীয়/অনাত্মীয়'র সত্যতা সদর দপ্তর কর্তৃক যাচাই করা হবে।

২। কর্মসূচি/প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

০৬/০৫/২০২৫
মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

অনুলিপি বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. উপ প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল জেলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।
৭. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।

## সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত চাকুরিজীবি অভিভাবক/আত্মীয়/অনাত্মীয়'র জামিননামা/অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জনাব (জামিনদারের নাম)----------- ----- পিতা:--------------------মাতা:--------------------- (স্থায়ী ঠিকানা) গ্রাম:--------------ডাকঘর:-------------------------------- উপজেলা:-----------------জেলা:------------------------- একজন সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত চাকুরীজীবি। আমি স্মারক নং-------তারিখ ---------মূলে জারিকৃত নিয়োগ আদেশ/প্রজ্ঞাপন বলে ----------------প্রতিষ্ঠানে বিগত------------তারিখ হতে কর্মরত আছি। বর্তমানে আমি বর্ণিত প্রতিষ্ঠানের ---------------পদে-----------কর্মস্থল:----------- কর্মরত আছি। আমার রেজিস্ট্রেশন/ইমপ্লয়ী নং--------, মোবাইল নং---------------------ও জাতীয় পরিচয় পত্র নং----------------------।

আমি জনাব (কর্মচারীর নাম) ---------------------- পিতা:---------------------মাতা:--------------------------- (স্থায়ী ঠিকানা) গ্রাম:--------------ডাকঘর:--------------------- উপজেলা:-------------------------জেলা:-------------------------------------; এর বৈধ ও আইনসম্মত অভিভাবক/আত্মীয়/অনাত্মীয় (সম্পর্ক:------ ) হিসেবে এই মর্মে অঙ্গীকার করছি যে, জনাব (কর্মচারীর নাম)------------------------------------, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচি'র (পদের নাম):----------------------------- পদে কর্মরত থাকাকালীন যদি কোন অর্থ আত্মসাৎ করেন বা আত্মসাতের সংগে জড়ীত হন বা তাঁর দায়িত্ব অবহেলার কারনে আত্মসাৎ সংঘটিত হয় বা বিআরডিবি বা কর্মসূচির কোন আর্থিক ক্ষতি সাধিত হয় তা হলে কর্মসূচি/বিআরডিবি কর্তৃপক্ষ কর্তৃক নিরূপিত ক্ষতিপূরণ সংশ্লিষ্ট কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে সমুদয় অর্থ আমি নিম্মস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এককালীন পরিশোধে বাধ্য থাকবো। ব্যর্থতায় আমার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থাসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা যাবে। এমন কি আমার স্থায়ী / অস্থায়ী সম্পদ হতেও উক্ত অর্থ আদায় করা যাবে; ইহাতে আমার কোন ওজর-আপত্তি আইন-আমলে গ্রহণযোগ্য হবে না।

আমি সম্পূর্ণ সুস্থ্য অবস্থায়, সজ্ঞানে এবং স্বপ্রণোদিত হইয়া অত্র অঙ্গীকারনামায় স্বাক্ষর করলাম।

(স্বাক্ষর:-------------------)

(সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত চাকুরিজীবি অভিভাবক/আত্মীয়/অনাত্মীয়)

নাম (চাকুরিজীবি):---------------------

পদবী:-----------------------------------

দপ্তর/ অফিসের নাম:--------------------

ইমপ্লয়ী নম্বর:---------------------------

জাতীয় পরিচয়পত্র নম্বর:---------------

মোবাইল:-----------------------------

তারিখ:----------------------------

| ক্র. নং | ১ম স্বাক্ষীর স্বাক্ষর: | | | |
|---|---|---|---|---|
| ১। | নাম: | | | |
| | পদবী (যদি থাকে): | | | |
| | অফিস ঠিকানা (যদি থাকে): | | | |
| | পিতার নাম: | | | |
| | মাতার নাম: | | | |
| | স্থায়ী ঠিকানা: গ্রাম | | ডাকঘর: | |
| | উপজেলা: | | জেলা: | |
| | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | |
| | মোবাইল নম্বর: | | | |
| ২। | ২য় স্বাক্ষীর স্বাক্ষর: | | | |
| | নাম: | | | |
| | পদবী (যদি থাকে): | | | |
| | অফিস ঠিকানা (যদি থাকে): | | | |
| | পিতার নাম: | | | |
| | মাতার নাম: | | | |
| | স্থায়ী ঠিকানা: গ্রাম | | ডাকঘর: | |
| | উপজেলা: | | জেলা: | |
| | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | |
| | মোবাইল নম্বর: | | | |